সংবাদ

তারিখ ... 09 DEC 2005

পৃষ্ঠা ... 2 ... কলাম ... ২

ঢাবি ফজিলাতুন্নেসা হল প্রভোস্টকে জেএমবি'র চিঠি

# মেয়েরা সন্ধ্যার পর হলের বাইরে গেলে বোমা মেরে উড়িয়ে দেয়া হবে

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয় ফজিলাতুন্নেসা মুজিব হলের ছাত্রীদের সন্ধ্যার পর হলের বাইরে যেতে নিষেধ করেছে জামায়াতুল মুজাহিদীন। গতকাল প্রভোস্টের কাছে পাঠানো এক চিঠিতে বলা হয়েছে, মেয়েরা যদি সন্ধ্যার পর হলের বাইরে যায় তাহলে বোমা মেরে উড়িয়ে দেয়া হবে।

এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলও বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি দিয়েছে জঙ্গিরা। দেশে অব্যাহত আত্মঘাতী বোমা হামলার মুখে বিশ্ববিদ্যালয়ে একের পর এক বোমা হামলার হুমকিতে শিক্ষার্থীসহ শিক্ষক-অভিভাবকরা চরম আতঙ্কে দিন কাটাচ্ছেন।

সূত্র জানিয়েছে, ফজিলাতুন্নেসা মুজিব হল প্রভোস্ট বরাবর গতকাল দুপুরে জেএমবির নামে একটি চিঠি আসে। চিঠিতে বলা হয়েছে- সন্ধ্যার পর হলের ছাত্রীরা বাইরে বের হলে বোমা মেরে হল উড়িয়ে দেয়া হবে। চিঠি পাওয়ার পর পরই কর্তৃপক্ষ রমনা থানায় একটি সাধারণ ডায়েরি করেছে। চিঠি পাওয়ার পরপরই হল প্রভোস্ট বাড়তি নিরাপত্তা চেয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আহ্বান জানিয়েছেন। তিনি এ ব্যাপারে বলেন, চারদিকে যেভাবে বোমা হামলা হচ্ছে সেদিক বিবেচনা করেই এই নিরাপত্তা চাওয়া হয়েছে।

এদিকে গতকাল দুপুর ১টার দিকে অজ্ঞাতনামা এক ব্যক্তি প্রক্টর অফিসে ফোন করে কার্জন হল উড়িয়ে দেয়ার হুমকি দেয়। বিশ্ববিদ্যালয় প্রক্টর সঙ্গে সঙ্গে বিষয়টি পুলিশকে অবহিত করেন। খবর পেয়ে পুলিশ কার্জন হল এলাকায় নিরাপত্তা জোরদার করে।

এ ব্যাপারে প্রক্টর অধ্যাপক আ. কা. ফিরোজ আহমেদ বলেন, বোমা হামলার হুমকি অবশ্যই আমাদের জন্য উদ্বেগের কারণ।